# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর ২৬/০৮/২০২১ তারিখের ২৩৯/সংস্থাপন স্মারকে গঠিত "সেবা সহজিকরণ (ইনোভেশন) কার্যক্রম পরিচালনা কমিটি" অত্র শিক্ষা বোর্ডের সেবা সহজিকরণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্যদের নিয়ে অদ্য ১৫/১২/২০২২ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৩.০০ ঘটিকায় শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক মহা: জিয়াউল হক এর অফিস কক্ষে ৩য় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা বোর্ডের সম্মানিত বিদ্যালয় পরিদর্শক জনাব মহা: জিয়াউল হক। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং ইনোভেশন কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা মুহাম্মদ শামিম আল আমিন প্রোগ্রামার কে সভার আলোচ্য সূচী অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন এবং বিভিন্ন বিষয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনান্তে সভায় নিমোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**<u>সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ:</u>**

| | | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মো: নেসার উদ্দীন আহম্মদ, উপ-কলেজ পরিদর্শক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | (স্বাক্ষরিত) |
| ২. | জনাব হোসনে আরা আরজু, উপ- বিদ্যালয় পরিদর্শক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | (স্বাক্ষরিত) |
| ৩. | মো: মঞ্জুর রহমান খান, উপ- পরিক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | (স্বাক্ষরিত) |
| ৪. | জনাব মো: মাসুদ রানা, ডাটা এন্ট্রি কম্পিউটার অপারেটর<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | |
| ৫. | মো: ফয়সাল আল মাহমুদ, সহকারী কলেজ পরিদর্শক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | বিকল্প ফোকাল পয়েন্ট | (স্বাক্ষরিত) |
| ৬. | জনাব মুহাম্মদ শামিম আল আমিন, প্রোগ্রামার<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | ফোকাল পয়েন্ট | (স্বাক্ষরিত) |

সভার শুরুতে সভাপতি মহোদয় সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচ্য সূচি-১ : ইনোভেশন প্রশিক্ষণের বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-১ : সেবা সহজিকরণ/ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ বিষয়ে আলোচনা শেষে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে আগামী জানুয়ারী মাসের ০৩/০১/২০২৩ তারিখ মঙ্গলবার প্রশিক্ষণের জন্য অত্র বোর্ডের মোট ২০জন এবং ফেব্রয়ারী মাসের ০৭/০২/২০২৩ তারিখ মঙ্গলবার প্রশিক্ষণের জন্য অত্র বোর্ডের ২০(বিশ)জন মোট চল্লিশ(৪০)জন প্রশিক্ষণার্থীর নামের তালিকা করা প্রয়োজন। প্রশিক্ষণার্থীর চুড়ান্ত তালিকা প্রণয়নের জন্য সংস্থাপন শাখাকে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি-২ : প্রশিক্ষক বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-২ : সেবাসহজিকরণ/ইনোভেশন ব্যবস্থা সংক্রান্ত প্রশিক্ষণকালীন সময়ে দুজন প্রশিক্ষক থাকবেন মর্মে

সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এদের মধ্যে একজন বহিরাগত প্রশিক্ষক এবং একজন অভ্যন্তরীন প্রশিক্ষক।

০১। বহিরাগত প্রশিক্ষক থাকবেন জনাব আ.ত.ম. আব্দুল্লাহেল বাকী

সহকারী পরিচালক (প্রশাসন), সিনিয়র সহকারী সচিব, আরপিএটিসি, রাজশাহী।

০২। অভ্যন্তরীন প্রশিক্ষক থাকবেন জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম

সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের পত্র দিয়ে জানানোর জন্য সংস্থাপন শাখাকে অনুরোধ করা হলো। সেই সাথে উক্ত তারিখে প্রশিক্ষণ কর্মশালায় অত্র বোর্ডের সচিব ও চেয়ারম্যান মহোদয়ের উপস্থিতি সহ অবহিতকরণের অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি-৩ : প্রশিক্ষণ পরিচালনা ব্যয় নির্ধারণ বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-৩ সংস্থাপন শাখার স্বারক নম্বর- ৮৭৪(৯)/১ম-৭২/সং (৩য়) তারিখ:- ০২/১২/২০২১ প্রস্তাব মোতাবেক খাত ওয়ারী সম্ভব্য ব্যয়ের হিসাব নিম্নরুপ:

| ক্র: নং | ব্যয়ের খাত | পরিমান | দিন/সময় | টাকার পরিমান | মোট টাকা |
|---|---|---|---|---|---|
| ১ | অভ্যান্তরীণ প্রশিক্ষক | ১জন | ২দিন | ১৫০০.০০ | ৩০০০.০০ |
| ২ | বহিরাগত প্রশিক্ষক | ১জন | ২দিন | ২০০০.০০ | ৪০০০.০০ |
| ৩ | প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারী | ২০জন | ২দিন | ৮০০.০০ | ৩২০০০.০০ |
| ৪ | প্রশিক্ষণ কাজে সহায়তাকারী কর্মচারী | ৪জন | ২দিন | ৪০০.০০ | ৩২০০.০০ |
| ৫ | প্রশিক্ষণ কাজে সহায়তাকারী কর্মকর্তা | ২জন | ২দিন | ৪০০.০০ | ১৬০০.০০ |
| ৬ | অন্যান্য খরচ (খাতা, কলম, প্যাড) | ৪০জন | ২দিন | ৭০.০০ | ৫৬০০.০০ |
| ৭ | প্রধান অতিথি-১জন (চেয়াম্যান মহোদয়) | ১জন | ২দিন | ৩০০০.০০ | ৬০০০.০০ |
| ৮ | বিশেষ অতিথি-১জন (সচিব মহোদয়) | ১জন | ২দিন | ২৫০০.০০ | ৫০০০.০০ |
| ৯ | কমিটির আহবায়ক | ১জন | ২দিন | ১০০০.০০ | ২০০০.০০ |
| ১০ | কমিটির সদস্য | ৬জন | ২দিন | ৮০০.০০ | ৯৬০০.০০ |
| ১১ | সকালের নাস্তা | ৪০জন | ২দিন | ৩৫০০.০০ | ৭০০০.০০ |
| ১২ | দুপুরের খাবার | ৪০জন | ২দিন | ১১৪০০.০০ | ২২৮০০.০০ |
| ১৩ | প্রজেক্টর ভাড়া | ১টি | ২দিন | ১৫০০.০০ | ৩০০০.০০ |
| ১৪ | ব্যানার তৈরী | ১টি | ২টি | ৯০০.০০ | ১৮০০.০০ |
| ১৫ | গেজেট ফটো কপি | ৪০ সেট | ২ সেট | ২০০০.০০ | ৪০০০.০০ |
| | | | | সর্বমোট= | ১১০৬০০.০০ |

আলোচ্য সূচি-৪ : প্রশিক্ষণের ব্যয় নির্ধানের জন্য অগ্রীম গ্রহণ।

সিদ্ধান্ত-৪ : ০৩/০১/২০২৩ ও ০৭/০১/২০২৩ প্রশিক্ষণ এবং অন্যান্য ব্যয় বাবদ=১১০৬০০/-(এক লক্ষ দশ হাজার ছয়শত) টাকা অগ্রীম গ্রহণের জন্য কমিটির সদস্য জনাব মো: মাসুদ রানা, ডাটা এন্ট্রি কম্পিউটার অপারেটর-কে দায়িত্ব প্রদান করা হলো। তিনি বিধি মোতাবেক আয় কর ও ভ্যাট কর্তন পূর্বক অর্থ ব্যয় করে ভাউচারের মাধ্যমে অগ্রীম টাকা সমন্বয় করবেন।

আলোচ্য সূচি-৫ : মঞ্জুরী নবায়ন/একাডেমিক স্বীকৃতি সেবাটি ডিজিটাইজেশন করা প্রসঙ্গে।

সিদ্ধান্ত-৫ : মঞ্জুরী নবায়ন/একাডেমিক স্বীকৃতি সেবাটি ডিজিটাইজেশন করার জন্য দ্রুত বাস্তবায়নের জন্য তাগিদ দেওয়া হয় এবং উক্ত সেবাটি অনলাইন এর মাধ্যমে আনার জন্য একটি সফটওয়ার তৈরী করার জন্য সিনিয়র সিস্টেম এনালিষ্ট প্রকৌশলী মোহাম্মদ শফিকুল ইসলাম এর কাছে পরামর্শ ও সহযোগীতায় এ সংক্রান্ত বিষয়ে বাস্তবায়ন করা প্রয়োজন।

আলোচ্য সূচি-৬ : ছাড়পত্র (ETC) সেবাটি মাধ্যমিকে বাস্তবায়ন প্রসঙ্গে।

সিদ্ধান্ত-৬ : ছাড়পত্র (ETC) সেবাটি যেহেতু কলেজ পর্যায়ে সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে সেহেতু মাধ্যমিক পর্যায়ে বাস্তবায়ন করা যায় কিনা সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

**(মো: জিয়াউল হক)**
**আহ্বায়ক**
**ইনোভেশন ও সেবা সহজিকরণ পরিচালনা কমিটি**
**ও**
**বিদ্যালয় পরিদর্শক**
**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড**
**রাজশাহী**